মারক্যাপটোপিউরাইন

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

2য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে এই প্রচারপত্র পড়তে হবে।

**গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল
ফর চিলড্রেন NHS ট্রাস্ট**

মারক্যাপটোপিউরাইন (Mercaptopurine) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভূক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

মারক্যাপটোপিউরাইন কি?

মারক্যাপটোপিউরাইন হলো এক ধরনের ড্রাগ (মাদকদ্রব্য) যা কোন কোন ক্যানসার এবং লূকীমিয়ার চিকিৎসার জন্যে ব্যবহার করা হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?

টেবলেট অথবা তরল পদার্থ আকারে মুখের মাধ্যমে মারক্যাপটোপিউরাইন দেওয়া হয়। সেটা দিনে একবার, কমপক্ষে খাবারের একঘন্টা পর, সন্ধ্যায় দিতে হবে তবে দুধের উৎপন্ন কোন দ্রব্যের সঙ্গে নয় কেননা এই ড্রাগ নিমগ্ন (অ্যাবসরবড্)-এর ব্যাপারে এসব প্রভাব ফেলতে পারে।

অতি সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

বৌন্ ম্যারৌ দমন: আপনার বাচ্চার বৌন্ ম্যারৌ যতোই ভালো কাজ করুক সেটা সাময়িকভাবে কিছুটা হ্রাস পেতে পারে। এর মানে এটাই হয় যে, স্বাভাবিকের চাইতে আরো সহজে সে এনাইমিক, ব্রুস অথবা ব্লিড বা রক্তপাত হতে পারে এবং ইনফেকশন বা সংক্রমণে তার উচ্চপর্যায়ের ঝুঁকি থাকবে। বৌন ম্যারৌ কিভাবে কাজকর্ম করছে সেটা পরীক্ষা করার জন্যে নিয়মিত আপনার বাচ্চার ব্লাড্ কাউন্ট যাচাই করা হবে। যদি আপনার বাচ্চার অস্বাভাবিকভাবে ক্লান্ত, ব্রুজিং অথবা ব্লিডিং বা রক্তপাত হতে দেখা যায়, অথবা ইনফেকশনের কোন লক্ষণ থাকে, বিশেষভাবে উচ্চ তাপমাত্রা থাকতে দেখা যায় তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন। আপনার বাচ্চার ব্লাড কাউন্ট অনুসারে মারক্যাপটোপিউরাইনের ডৌস বা মাত্রার প্রতি সপ্তাহে পরিবর্তন হতে পারে। আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ দেবেন অথবা আপনার বাচ্চার যদি অ্যাকিউট লিম্পোব্লাস্টিক লূকীমিয়া হয়ে থাকে তাহলে বিস্তারিতের জন্যে 'কন্টিনিউয়িং (মেন্টেনান্স) থেরাপী' পুস্তিকা আপনার সিদ্ধান্তের জন্যে দেখতে পারেন।

অপেক্ষাকৃত কম সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

লিভারের কাজকর্মের উপর সাময়িক প্রভাব: আপনার বাচ্চার লিভার (যকৃৎ)-এর মৃদু পরিবর্তন কোন কোন সময় মারক্যাপটোপিউরাইনের কারণে হতে পারে। তবে চিকিৎসা শেষ হওয়ার পর সেটা স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে। আপনার বাচ্চার লিভারের কাজকর্ম (LFTs) মনিটর বা যাচাই করার জন্যে ব্লাড টেস্ট (রক্ত পরীক্ষা) আগে থেকেই করে রাখা হবে।

চুলকানিযুক্ত লাল ফুসকুড়ি: আপনার বাচ্চার যদি কোন ফুসকুড়ি (র‍্যাস্) হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার বা নার্সকে বলুন। আপনার বাচ্চার যথাযথ চিকিৎসার ব্যাপারে তারা আপনাকে পরামর্শ দিতে পারবে।

বিতৃষ্ণাবোধ ও বমি: এই লক্ষণসমূহ হ্রাস অথবা বন্ধ করার জন্যে অসুস্থতা-বিরোধী ঔষধ দেওয়া যেতে পারে। আপনার বাচ্চার অসুস্থতা যদি নিয়ন্ত্রণ না হয় অথবা অটল থাকে তাহলে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন।

যন্ত্রণাপূর্ণ মুখ ও সপুয ক্ষত (আলসার্স): মাউথকেয়ার (মুখের সেবাযত্ন)-এর প্রচারপত্রের কপিসহ আপনাকে মাউথকেয়ার সম্পর্কে যথাযথ পরামর্শ দেওয়া হবে। আপনার বাচ্চার যদি যন্ত্রণাপূর্ণ মুখ বা স্যর মাউথ-এর অভিযোগ করে তাহলে আপনার ডাক্তার বা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে দিন।

প্রয়োজনীয় নম্বর:

এলিপ্যান্ট ডে কেয়ার	**020 7829 8833**
ফক্স ওয়ার্ড	**020 7829 8820**
জিরাফ ওয়ার্ড	**020 7829 8821**
লাইয়ন ওয়ার্ড	**020 7829 8810**
রবীন ওয়ার্ড	**020 7829 8811**

গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার জানা উচিত

● বাচ্চারা যাতে নাগাল না পায় এমন স্থানে নিরাপদে সকল মেডিসিন এবং টেবলেট রাখুন।

● সাবধানতার সঙ্গে এইসব ড্রাগকে আপনার নিয়ন্ত্রণ বা সামলানোর প্রয়োজন। যতোদূর সম্ভব ড্রাগকে স্পর্শ করা এড়িয়ে চলুন। আপনি যদি গর্ভধারণ করে থাকেন অথবা গর্ভধারণ করার চিন্তাভাবনা করেন তাহলে সামলানো বা নিয়ন্ত্রণের ব্যাপারে নির্দেশের জন্যে আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

● রুম টেম্পারেচার বা কোঠার তাপমাত্রা অনুযায়ী এই ড্রাগ ভান্ডারজাত করে রাখুন।

● আপনার ডাক্তার, নার্স ও ফার্মাসিস্টের নির্দেশ অনুযায়ী সেগুলো গ্রহণ করতে হবে।

● ডৌস গ্রহণ করার পর যদি আপনার বাচ্চা বমি করে তাহলে ডাক্তার অথবা নার্সকে জানিয়ে দেন কেননা আরেক ডৌস হয়তো আপনার বাচ্চার গ্রহণ করার প্রয়োজন হতে পারে। ডাক্তার ও নার্সকে জানানো ছাড়া আপনার বাচ্চাকে আরেক ডৌস দিবেন না।

● আপনার বাচ্চাকে যদি তার ডৌস দিতে ভুলে যান তাহলে তাকে দ্বিগুণ বা ডাবল্ ডৌস দিবেন না। আপনার ডাক্তার বা নার্সকে জানিয়ে দিন এবং আপনার বাচ্চার নিয়মমাফিক সময়সূচি রাখুন।

● সঠিক ডৌস ব্যবহার করার জন্যে কোন কোন সময় টেবলেটকে অর্ধেক করতে হয়। টেবলেট কার্টার এর জন্যে ব্যবহার করা ভালো। সেটা আপনার কমিউনিটি ফার্মাসী থেকে পাওয়া যায়। ফার্মাসী থেকে যখন আপনার টেবলেট সংগ্রহ করেন তখন অতিরিক্ত বিবরণের জন্যে জিজ্ঞাসা করুন। কেমৌথেরাপীর ড্রাগ কাটার জন্যেই শুধুমাত্র টেবলেট কার্টার রাখুন।

● আপনার বাচ্চা যদি টেবলেট গিলতে না পারে তাহলে নিম্নে উল্লেখিত পদ্ধতি অনুসারে সেটা আপনি মিক্সচার বা মিশ্রণ করে তাকে দিতে পারেন:

- টেবলেটটিকে একটি পরিস্কার পাত্রে রাখুন।
- টেবলেটের উপর সামান্য পানি দিন ও ডিস্পার্স (বিকীর্ণ) হতে দিন। হয়তো কয়েক মিনিট সময় লাগতে পারে। ফেটানো বা ঝাঁকড়ানোর দ্বারা পাত্রের টেবলেটকে জলদি ডিস্পার্স করতে চেষটা করবেন না।
- বাচ্চাকে ডৌসটি দিন।
- উষ্ণ ও সাবানের পানিতে পাত্রটি ধুয়ে ফেলুন ও অন্য কোন উদ্দেশ্যে সেটা ব্যবহার করবেন না।

● টেবলেট অথবা মিক্সার (মিশ্রণ) যদি দূর্ঘটনাক্রমে ছলকে পড়ে যায় তাহলে প্রচুর পানি দিয়ে সে জায়গাটা ধুয়ে ফেলুন।

● যদি দূর্ঘটনাক্রমে আপনার চোখে মিক্সচার পড়ে যায় তাহলে প্রচুর চলতি পানি দিয়ে প্রায় পাঁচ থেকে দশ মিনিট ধরে ধুয়ে ফেলুন।

● আপনার নিরাপত্তার জন্যে আপনি যদি পছন্দ করেন তাহলে পারিবারিক এক জোড়া রাবারের গ্লাভস বা মোজা পরতে পারেন।

● ব্যবহারকৃত তোয়ালে, বমি ও অপরিস্কার ফেলার উপযুক্ত নেপিস ময়লা-আবর্জনার দুটো ব্যাগের ভিতরে রাখতে হবে এবং আপনার সাধারণ ময়লা-আবর্জনার সঙ্গে ফেলে দিতে হবে।

● চিকিৎসা বন্ধ করার সিদ্ধান্ত যদি ডাক্তার নিয়ে থাকেন ফার্মাসিস্টকে বাকী টেবলেটগুলো ফেরত দিন। সেগুলোকে জলস্রোতে অথবা নিক্ষেপ করে ফেলে দিবেন না।

@ GOSH ট্রাস্ট সেপ্টেম্বর 2004
সূত্র: 2005F132
চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপের সহযোগিতায় ফার্মাসী ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট
Great Ormond Street
London WC1N 3JH

ওয়েবসাইট: www.goshfamilies.nhs.uk www.childrenfirst.nhs.uk